বাংলা সাজেশন – ২০১৩

দশম শ্রেণী

---

১.২ নম্বরের জন্য (২টি ) প্রশ্নের উত্তর লেখো [২ x ২ = ৪]

১.১. "জনম তব কোন মহাকুলে " – মহাকুলটির পরিচয় দাও ।

১.২. "নাহি শিশু লঙ্কাপুরে, শুনি না হাসিবে / এ কথা " – কোন কথা শুনে শিশুরা হাসবে ?

১.৩. 'দুই বিঘা জমি' – কবিতায় বঙ্গ ভূমির বর্ণনা আছে এমন দুটি চরণ উদ্ধৃত কর ।

১.৪. "বাংলার মুখ আমি দেখিয়াছি" – কবিতায় চাঁদ ও চম্পার পরিচয় দাও ।

১.৫. "নিজ গৃহ পথ, তাত দেখাও তস্করে" – এই উক্তির সাধারণ অর্থ ও কবিতায় বর্ণিত বিশেষ অর্থ এ দুইয়ের মিল কোথায় ?

১.৬. "অন্ধকারে জেগে উঠে ডুমুরের গাছে চেয়ে দেখি" –অন্ধকারে জেগে উঠে কবি কী কী দেখেছেন ?

১.৭. "রাত্রে নাহিকো ঘুম, ......." –রাত্রে ঘুম না আসার কারণ কী ?

১.৮. 'পথের দিশা' কবিতায় ধর্মান্ধতার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ ধ্বনিত হয়েছে, এমন দুটি চরণ উদ্ধৃত করো ।

২. ৩ নম্বরের জন্য ( ২টি) ( কমবেশি ৫টি বাক্যে লেখো ) [৩ x ২ = ৬]

২.১. 'স্থাপিলা বিধুরে বিধি স্থানুর ললাটে' / 'বিধু' ও 'স্থানু' শব্দটির দুটির অর্থ কী ? এই উপমাটি ব্যবহারের তাৎপর্য লেখ ।

২.২. 'তৃষাতুর শেষে পহুঁছিনু এসে আমার বাড়ির কাছে ।' –বক্তা গ্রামের কোন পথ ধরে বাড়ির কাছে এল ? এসে কী দেখল ?

২.৩. 'তবুও সবাই হাততালি দিচ্ছে ।' –'সবাই' কারা ? 'তবুও' শব্দ প্রয়োগের কারণ কী ?

২.৪. "হায়, তাত উচিত কি তব, এ কাজ ..... " – 'তাত' বলতে কি বোঝ ? এ কাজ অনুচিত কেন ?

২.৫. "এর মাঝে তুই আলোক শিশু কোন অভিযান করবি, শুনি" – 'আলোক-শিশু' বলতে কাকে বোঝানো হয়েছে ? কবি 'এর মাঝে ' বলতে কী বুঝিয়েছেন ?

২.৬. "একে একে মনে উদিল স্মরণে বালক কালের কথা " – 'উদিল' শব্দের অর্থ কী ? বালক কালের কথা বক্তার মনে উদয় হয়েছিল কেন ?

২.৭. 'তব বাক্যে ইচ্ছি মরিবারে ' –কোন বাক্যে বক্তা মরবার ইচ্ছা প্রকাশ করেছেন ? এই উক্তির আলোকে বক্তার চরিত্রের প্রধান কোন বৈশিষ্ট্য ধরা পড়েছে ?

২.৮. ‘তাই লিখি দিল বিশ্বনিখিল দু’বিঘার পরিবর্তে ‘। –কোন দু’বিঘার কথা বলা হয়েছে ? ‘বিশ্বনিখিল’ লিখে দেওয়ার অর্থ কী ?

৩. ৮ নম্বরের জন্য ১টি প্রশ্নের উত্তর লেখ ( কমবেশি ১২টি বাক্যে ) [৮ x ১ = ৮]

৩.১ ” বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ” কাব্যাংশে বিভীষণের প্রতি ইন্দ্রজিতের অভিযোগগুলি সংক্ষেপে লেখ ।

৩.২ ‘পথের দিশা’ কবিতায় কবি সমকালীন পরিস্থিতি সম্পর্কে যে উদ্বেগ ও আশঙ্কা প্রকাশ করেছেন, তা বিবৃত করো ।

৩.৩. ‘বাংলার মুখ’ –বলতে কবি কী বুঝিয়েছেন ? ‘বাংলার মুখ’ কবিকে কীভাবে মুগ্ধ করেছে ?

৪.২ নম্বরের জন্য ১টি বিষয়ে টীকা লেখ ( কমবেশি ৪ বাক্যে ) [২ x ১ = ২]

৪.১. শান্তির নীড়

৪.২. ছিন্ন খঞ্জনা

৪.৩. বাসবত্রাস

৪.৪. মৃগেন্দ্র কেশরী

৪.৫. ডিক্রি

৪.৬. নিকষা সতী

৫. ৫ নম্বরের জন্য ১ টি প্রশ্নের উত্তর লেখ ( কমবেশি ১০ বাক্যে ) [৫ x ১ = ৫]

৫.১. ‘লোহার ব্যথা ’ বলতে কবি আসলে কিসের ব্যথার কথা বলেছেন ? কবি এই কবিতায় যে রূপকের আশ্রয় নিয়েছেন ,তা নিজের ভাষায় বুঝিয়ে দাও ।

৫.২. ‘চিঠি ’ কবিতা অবলম্বনে সরলার মার পরিচয় দাও । প্রসঙ্গত তার স্বদেশ প্রীতির স্বরূপ বিশ্লেষণ করো ।

৬. যেকোনো ১টি বিষয়ে অনধিক ৪০০ শব্দের মধ্যে প্রবন্ধ লেখ [১৫ x ১ = ১৫]

৬.১. কুসংস্কার প্রতিরোধে ছাত্রদের ভূমিকা

৬.২. একটি ছুটির দিন

৬.৩. রক্তদান, জীবন দান

৬.৪. ছাত্র জীবনে শিষ্টাচার

৬.৫. দূরদর্শনের সামাজিক প্রভাব

৬.৬. চরিত্র গঠনে খেলাধুলা

৬.৭. বন ও বন্যপ্রাণী সংরক্ষণ

৬.৮ তোমার প্রিয় কবি

৬.৯. তোমার প্রিয় বই

৬.১০. বিবেকানন্দের জন্ম সার্ধশততম বর্ষ

৭. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :- [৫]

বিভাগ – খ

------------

৮. অনধিক তিনটি বাক্যে উত্তর লেখ ( যে কোনো ২ টি ) [২ x ২ = ৪]

৮.১. "অনাদর একটা মস্ত স্বাধীনতা" –এই মন্তব্যের কারণ কী ?

৮.২. 'কী ভয়ানক প্রতিহিংসা নিবারণের' – নিবারণের প্রতিহিংসার কারণ কী ?

৮.৩. " তাহার প্রার্থনা শুনিয়া, সে ব্যক্তি বলিল" – প্রার্থনাটি কি ছিল ?

৮.৪. নেয়ামত খলিফার কোন কাজ বালক রবীন্দ্রনাথকে দুঃখ দিত ?

৮.৫. "এর যে নাম ম্যাপে দেওয়া আছে তা খুব অর্থ পূর্ণ "–ম্যাপে দেওয়া নামটি কি ?

৮.৬. "অবশেষে আপনার প্রতি আমার বক্তব্য এই,.... " বক্তব্যটি নিজের ভাষায় লেখো ।

৮.৭. "এখন শয়তানটা খাবার দিবার বাধ্য । " –কেন এমন কথা বলা হয়েছে ?

৯. কমবেশি ৫টি বাক্যে উত্তর লেখ (যে কোনো ২টি) [৩ x ২ = ৬]

৯.১. 'এই বটকেই একদিন উদ্দেশ্য করিয়া লিখিয়াছিলাম' – কোন বটের কথা বলা হয়েছে ? লেখক যা লিখেছিলেন তা উদ্ধৃত করো ।

৯.২. 'কী অদ্ভুত ধরণের ভীষণ সুন্দর দৃশ্য ।' – কোন দৃশ্যের কথা বলা হয়েছে ? তা ভীষণ সুন্দর কেন ?

৯.৩. "তাহার আভাস পাইতাম কিন্তু নাগাল পাইতাম না " – এখানে কিসের আভাসের কথা বলা

হয়েছে ? নাগাল না পাওয়ার ফল কী হয়েছিল ?

৯.৪. “হাকিমুদ্দির মনের সাধটা মিটিল ” – কেন এমন কথা বলা হয়েছে ? এর উত্তরে শ্রীমন্ত কী বলেছিলো ?

৯.৫. ‘তার স্বর্গ আর হারার মার স্বর্গ কি এক হতে পারে ’ – কোন অবস্থাকে গৌরবির স্বর্গ বলে মনে হল ? স্বর্গ সম্পর্কে কেন এমন প্রশ্ন জাগ্রত হয়েছিল ?

১০. কমবেশি ১২টি বাক্যে উত্তর লেখ (যে কোনো ১টি) [৮ x ১ = ৮]

১০.১. ‘সভ্য ও অসভ্য’ গল্পটি বিচার করে দেখাও কে প্রকৃত সভ্য আর কেই বা প্রকৃত অসভ্য ।

১০.২. “আমাদের শিশুকালে ভোগবিলাসের আয়োজন ছিল না বলিলেই হয় । ”

– পাঠ্যাংশ অবলম্বনে শিশুকালের ভোগবিলাসহীন জীবন যাত্রার পরিচয় দাও ।

১০.৩. গৌরাবির মাতৃত্বের কাছে, জাতপাত সংস্কার কীভাবে অর্থহীন হয়ে যায় ‘হারুসালেমের মাসি’ গল্প অবলম্বনে লেখ ।

১১. উৎস নির্দেশ করে অনধিক ৪টি বাক্যে টীকা লেখ (যে কোনো ১টি) [২ x ১ = ২]

১১.১. পর্ণশালা , ১১.২. লঙ্গরখানা ১১.৩. জুলু ভাষা ১১.৪. রমজানের মাস ১১.৫. সরফরাজি

১২. কমবেশি ১০টি বাক্যে উত্তর লেখ (যে কোনো ১টি) [৫ x ১ = ৫]

১২.১. ‘দিব্যি বিনি পুঁজির ব্যবসা ফাঁদা হয়েছে’ – কীভাবে ‘বিনি পুঁজির ব্যবসা’ ফাঁদা হয়েছে লেখ ।

ধর্মীয় দুর্বলতার কাছে কীভাবে শিক্ষা, বুদ্ধি জ্ঞান ও যুক্তির পরাজয় ঘটে ‘দেবতার জন্ম’ গল্প অবলম্বনে লেখ ।

১২.২. ‘অসহযোগী’ রচনা হর্ষনাথ তার ছেলেকে কীরকম মানুষ করতে চেয়েছিলেন ?

ছেলেটি কেমন মানুষ হয়েছিল তা ‘অসহযোগী’ গল্প অবলম্বনে লেখ ।

১২.৩. ‘দেবতার জন্ম’ গল্পে লেখক কী বার্তা আমাদের শুনিয়েছেন ? লেখকের উপস্থাপন ভঙ্গির বৈশিষ্ট্য আলোচনা কর ।

১৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও [৩ x ২ = ৬]

১৩.১. সন্ধিবদ্ধ পদ নির্ণয় করে তাদের সন্ধি বিচ্ছেদ কর [যেকোনো ২টি ] [২ x ১ = ২]

১৩.১.১. ‘পাষণ কুঁড়ে বনস্পতি’ (পথের দিশা)

১৩.১.২. ‘কারও মনে সংস্কার, কারও ভয়’ । (উলঙ্গরাজা)

১৩.১.৩. ‘এই বলিয়া নমস্কার করিয়া’ (সভ্য ও অসভ্য)

১৩.১.৪. 'ওর সর্বাঙ্গ জ্বলে গেল' (হারুন সালেমের মাসি )

১৩.১.৫. 'আবার হাততালি উঠছে মুহুর্মুহু' (উলঙ্গ রাজা)

১৩.১.৬. 'মুসলমান তো জন্মান্তর মানে না' (ছেঁড়া তার)

১৩.২. নীচের বাক্যগুলির যে-সব সমাসবদ্ধ পদ আছে তাদের ব্যাস বাক্যসহ সমাসের নাম লেখ [যেকোনো ২টি ] [২ x ১ = ২]

১৩.২.১. 'ধনী ও নির্ধনের ঘরে বেশি তারতম্য দেখা যায় না' [ঘর ও বাহির]

১৩.২.২. 'অসম্ভব দুশ্চিন্তা হল গৌরবির' (হারুন সালেমের মাসি )

১৩.২.৩. 'খুলল দুয়ার পূব দুয়ারি ?' [পথের দিশা]

১৩.২.৪. 'রাঘবদাস আমি' [বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ]

১৩.২.৫. 'ভোরের দোয়েল পাখি' – [বাংলার মুখ আমি দেখিয়াছি]

১৩.২.৬. 'তাই লিখি দিল বিশ্ব নিখিল' [দুই বিঘা জমি]

১৩.৩. নীচের চিহ্নিত পদগুলির অন্বয়গত পরিচয় দিয়ে বিভক্তি / অনুসর্গ নির্দেশ কর [যেকোনো ২টি ] [২ x ১ = ২]

১৩.৩.১. মাসি মেটে আলু রান্না করবে ? (হারুন সালেমের মাসি )

১৩.৩.২. বিষের জ্বালায় বিশ্ব পুড়ে (পথের দিশা)

১৩.৩.৩. রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি (দুই বিঘা জমি)

১৩.৩.৪. জনম তব কোন মহাকুলে (বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ)

১৩.৩.৫. বেহুলাও একদিন গাঙুরের জলে (বাংলার মুখ আমি দেখিয়াছি)

১৩.৪. নির্দেশ অনুসারে রূপান্তর কর [যেকোনো ২টি ] [২ x ১ = ২]

১৩.৪.১. পর দোষে কে চাহে মজিতে ? (চলিত গদ্যে ) (বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ)

১৩.৪.২. তাহা রামায়নে পড়িয়াছিলাম (কর্মবাচ্যে) [ঘর ও বাহির]

১৩.৪.৩. "রাগ করি এমন কাম কল্লু " (চলিত গদ্যে ) [ছেঁড়া তার ]

১৩.৪.৪. কোনো দিন কোনো কারণে মোজা পরি নাই (ভাববাচ্যে) [ঘর ও বাহির]

১৩.৪.৫. সবাই হাততালি দিচ্ছে (জটিল বাক্যে) [উলঙ্গ রাজা ]

১৩.৪.৬. তোর জন্য আহার প্রস্তুত করিয়া রাখি নাই (ভাব বাচ্যে ) [সভ্য ও অসভ্য]

১৩.৫. নীচের বাক্যগুলির ক্রিয়াপদের প্রকার নির্ণয় কর [যেকোনো ২টি ] [২ x ১ = ২]

১৩.৫.১. শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে। (বাংলার মুখ আমি দেখিয়াছি)

১৩.৫.২. আহারাদির ব্যবস্থা করিয়া দিবেন ।  (সভ্য ও অসভ্য)

১৩.৫.৩. গল্পটা সবাই জানে  (উলঙ্গ রাজা)

১৩.৫.৪. সকাল হইতে দেখিতাম  (সভ্য ও অসভ্য)

১৩.৫.৫. সময়ে পুটি আমায় ভাত দিবে ।  (হারুন সালেমের মাসি )

১৩.৬ নীচের ক্রিয়াপদগুলি গঠনগত দিক থেকে কী ধরনের তা নির্ণয় কর [যেকোনো ২টি ]  [২ x ১ = ২]

১৩.৬.১. রুষিলা বাসবত্রাস ।

১৩.৬.২. তুই আমার আলয় হইতে দূর হ ।

১৩.৬.৩. মাঝ রাতে শঙ্করের ঘুম ভেঙ্গে গেল ।

১৩.৬.৪. মুকুন্দ জুতো মশমশিয়ে চলে গেল ।

১৩.৬.৫. সেই স্বাধীনতায় আমাদের মন মুক্ত ছিল ।

১৩.৬.৬. বড়ো পাতাটির নীচে বসে আছে ।

১৪. নির্দেশ অনুসারে উত্তর দাও  [ ১ x ৫ = ৫]

১৪.১ যেকোনো ১টি প্রশ্নের উত্তর দাও

১৪.১.১ সমাস কাকে বলে ? একটি উদাহরণ দিয়ে সমাসের কাজ বুঝিয়ে দাও ।

সন্ধি ও সমাসের ২টি পার্থক্য লেখ ।  [১ + ১ + ৩ = ৫]

১৪.১.২ সাধিত ধাতু কাকে বলে ? সাধিত ধাতু কত প্রকার ও কি কি ? প্রত্যেক প্রকারের উদাহরণ দাও ।  [১ + ১ + ৩ = ৫]

১৪.১.৩ অব্যয় শব্দের সাধারণ অর্থ কী ? প্রয়োগ বৈশিষ্ট্য অনুসারে অব্যয়কে কয় ভাগে ভাগ করা যায় ও কি কি  [২ + ৩ = ৫]

১৪.২ যেকোনো ৩টি প্রশ্নের উত্তর দাও  [ ৩ x ৩ = ৯]

১৪.২.১. বাক্যের মাধ্যমে প্রয়োগ দেখাও [৩ টি]  [ ৩ x ১ = ৩]

আবেগ সূচক অব্যয় , সাপেক্ষ অব্যয়, আলংকারিক অব্যয় , বাক্যান্বয়ী অব্যয় , সংযোজক অব্যয়, সমর্থন সূচক অব্যয় ।

১৪.২.২. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর [৩ টি]  [৩ x ১ = ৩]

১৪.২.২.১ ঈশ্বরের কোন কার্য না আশ্চর্য ।  (নির্দেশ বাক্যে )

১৪.২.২.২. যারা পরিশ্রম করে তারা সফল হয় ।  (সরল বাক্যে )

১৪.২.২.৩. বিকেলে মাসি এসে উঠানে বসল । (যৌগিক বাক্যে )

১৪.২.২.৪. গ্রাম ছোটো, জমিদার আরো ছোটো । (জটিল বাক্যে )

১৪.২.২.৫. অদ্য সময় অতীত হইয়াছে । (নেতিবাচক বাক্যে )

১৪.২.২.৬. অসৎ লোককে কেউ ভালো বাসেনা । (প্রশ্নবোধক বাক্যে )

১৪.২.৩ বাক্যের মাধ্যমে প্রয়োগ দেখাও [৩ টি] [৩ x ১ = ৩]

১৪.২.৩.১ অকর্মক ক্রিয়া , ধ্বন্যাত্মক ক্রিয়া, নিত্যবৃত্ত অতীত , বর্তমান অনুজ্ঞা, পুরাঘটিত ভবিষ্যৎ, একদাপ ধাতু,

১৪.২.৪. নীচের শব্দগুলি কী কী অর্থে ব্যবহৃত হয়েছে ? [৩ টি] [৩ x ১ = ৩]

১৪.২.৪.১ কথাটা বলি বলি করেও বলা হয়নি ।

১৪.২.৪.২. ভয়ে ভয়ে থাকতে হয় ।

১৪.২.৪.৩ গরম গরম লুচি খেয়ে নাও ।

১৪.২.৪.৪ ওরা মাঠে মাঠে বীজ বোনে ।

১৪.২.৪.৫ ছেলেটাকে চোখে চোখে রাখবে ।

১৪.২.৪.৬ বসে বসে সময় নষ্ট করো না ।

১৪.২.৪.৭ মাথায় মাথায় ঠোকাঠুকি হল ।

১৪.২.৪.৮ কাঁড়ি কাঁড়ি টাকা কামাচ্ছে ।

১৪.২.৪.৯ যেতে যেতে গল্প হোক ।

১৪.২.৪.১০ ছি! ছি! এমন কাজ করে ।